যুগান্তর

তারিখ 18 JUL 2016
পৃষ্ঠা ৩-৬ কলাম ৬

# বঙ্গবন্ধু ডিজিটাল ইউনিভার্সিটি ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বিল পাস

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর পার্শ্ববর্তী জেলা গাজীপুরে দেশের প্রথম ডিজিটাল ইউনিভার্সিটি এবং কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবে। এজন্য রোববার জাতীয় সংসদ অধিবেশনে পৃথক দুটি বিল পাস হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিল দুটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। ডেপুটি স্পিকার অ্যাডভোকেট মো. ফজলে রাব্বী মিয়ার সভাপতিত্বে শুরু হওয়া সংসদ অধিবেশনে শিক্ষামন্ত্রী প্রথমে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আইন-২০১৬' ও পরে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন-২০১৬' পাসের প্রস্তাব উত্থাপন করেন। বিলটি পাসের আগে জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব দেন বিরোধী দল জাতীয় পার্টি ও স্বতন্ত্র সংসদ সদস্যারা। কিন্তু তাদের প্রস্তাব কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। তবে তাদের আনা সংশোধনী প্রস্তাবগুলোর মধ্যে ৫টি প্রস্তাব মন্ত্রী গ্রহণ করেন। পরে বিল দুটি সর্বসম্মতিতে পাস হয়। রাষ্ট্রপতির অনুমোদনের পর বিল দুটি আইনে পরিণত হবে।

বিল পাসের আগে শিক্ষামন্ত্রী সংসদে বলেন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি সংরক্ষণ ও তার সাহিত্য কর্মের ওপর লেখাপড়া, চর্চা এবং গবেষণা চালাতে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আইন-২০১৬' নামের এ বিলটি আনা হয়েছে।

সিরাজগঞ্জের শাহজাদপুরে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হবে। যেখানে রবীন্দ্রনাথের দর্শন ও বিশ্ব সংস্কৃতি চর্চা হবে। শুধু তাই নয়, সেখানে কলা, সঙ্গীত, নৃত্য, চারুকলা, সমাজবিজ্ঞান, কৃষি, সমবায়, আইন, ব্যবসা প্রশাসন এবং বিজ্ঞান ও প্রকৌশল প্রযুক্তি ফ্যাকাল্টি থাকবে। এ বিশ্ববিদ্যালয়ে অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের মতো একটি বৈধ কাঠামো থাকবে বলেও তিনি উল্লেখ করেন।